



বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট

নং-২৭.০৪.০০০০.১০১.১১.০৪০.২২.৮১৫

তারিখ: ০৫ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
১৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বিদ্যুৎ সেক্টরে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক ২০১৭ সালে বাংলাদেশ পাওয়ার ম্যানেজমেন্ট ইনস্টিটিউট (বিপিএমআই) গঠিত হয়। বর্তমানে উক্ত ইনস্টিটিউটের চুক্তিভিত্তিক রেক্টর নিয়োগের জন্য উপযুক্ত বাংলাদেশী নাগরিকের নিকট থেকে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

(ক) দায়িত্বাবলীঃ

- রেক্টর বিপিএমআই এর প্রধান নির্বাহী কর্মকর্তা হবেন এবং আর্থিক ও প্রশাসনিক কাজ পরিচালনা করবেন। রেক্টর বিপিএমআই এর গভর্নিং বডি'র তথা নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট সার্বিক কাজের জন্য দায়বদ্ধ থাকবেন;
- ইনস্টিটিউটের প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন;
- বোর্ড সভার ও বার্ষিক সাধারণ সভার আয়োজন করা এবং বিপিএমআই এর গভর্নিং বডি'র সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন;
- বোর্ড সভার ও বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;
- ইনস্টিটিউটের স্থায়ী ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- বিদ্যুৎ সেক্টরের উন্নয়নে প্রয়োজনীয় কর্মশালা/সেমিনার/গবেষণা আয়োজনের উদ্যোগ গ্রহণ;
- ইনস্টিটিউটের মেমোরেভাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশন অনুযায়ী অন্যান্য দায়িত্ব সম্পাদন।

(খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:


- প্রকৌশলে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক বা যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চতর বা বিশেষ ডিগ্রীধারি প্রার্থী অগ্রাধিকার পাবে;
- প্রথম শ্রেণির পদ বা ৭ম গ্রেড বা সমতুল্য পদ থেকে শুরু করে ন্যূনতম ২৫ বছরের কৃতিত্বপূর্ণ চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। বিশেষত সংশ্লিষ্ট ক্ষেত্রের প্রশিক্ষণ ও পাওয়ার সেক্টরে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
- শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হবে না।

(গ) বেতন কাঠামো:

- মূল বেতন টাকা ১,৮৫,০০০/, মূল বেতনের ৫০% বাড়ি ভাড়া ও কর্তৃপক্ষের প্রদত্ত আনুষঙ্গিক সুবিধাদি।

(ঘ) সাধারণ শর্তাবলি:

- আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতা, সংশ্লিষ্ট সকল অভিজ্ঞতা ও প্রয়োজনীয় অন্যান্য তথ্য সম্বলিত বায়োডাটাসহ আবেদন করতে হবে।
- ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি।
- সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা বা কোম্পানিতে কর্মরত কর্মকর্তাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনের শেষ তারিখে ন্যূনতম ৫৫ বছর হতে সর্বোচ্চ ৬০ বয়সের প্রার্থীরা আবেদন করতে পারবেন। তবে উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে বোর্ড বয়স শিথিল করতে পারে।
- আবেদনপত্র আগামী ০৭/০৭/২০২২ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন ও অর্থ), বি পি এম আই, প্লট-২, সড়ক-৪, পূর্বাচল নতুন শহর, রূপগঞ্জ, নারায়নগঞ্জ এর নিকট সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে।
- আবেদনপত্র গ্রহণ এবং বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


১৯/০৬/২০২২
(এম রায়হান আখতার)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিপিএমআই